

ফোর্টেসকিউ মেটালস গ্রুপ এবং ফোর্টেসকিউ ফিউচার ইন্ডাস্ট্রিজের নির্বাহী চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা ড. অ্যাঙ্কু ফরেস্টের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

23শে মে, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৩শে মে, ২০২৩ এ অস্ট্রেলিয়ার সিডনিতে ফোর্টেসকিউ মেটালস গ্রুপ এবং ফোর্টেসকিউ ফিউচার ইন্ডাস্ট্রিজের নির্বাহী চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা তথা শীর্ষস্থানীয় অস্ট্রেলীয় শিল্পপতি ডঃ অ্যাঙ্কু ফরেস্টের সঙ্গে সাক্ষাৎ করেন।

২. গ্রিন হাইড্রোজেনের ক্ষেত্রে ভারতীয় সংস্থাগুলির সঙ্গে কাজ করার ফোর্টেসকিউ গ্রুপের পরিকল্পনাকে স্বাগত জানান প্রধানমন্ত্রী। ভারতের উচ্চাভিলাষী পুনর্নির্বাচনযোগ্য জ্বালানি পরিকল্পনার ওপর জোর দিয়ে প্রধানমন্ত্রী গ্রিন হাইড্রোজেন মিশনের মতো ভারতের রূপান্তরমূলক সংস্কার ও উদ্যোগের কথা তুলে ধরেন।

৩. ডঃ ফরেস্ট ভারতে ফোর্টেসকিউ ফিউচার ইন্ডাস্ট্রিজের পরিকল্পনা এবং প্রকল্পগুলি সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন।

সিডনি

23শে মে, 2023